কুষ্টিয়ায় অজ্ঞাত বৃদ্ধ এবং যুবকের মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার কুমারখালীতে অজ্ঞাত এক বৃদ্ধের মরদেহ এবং নিখোঁজের দুইদিন পর ভেড়ামারা থেকে রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার লোকমান হোসেনের বস্তাবন্দী লাশ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার সকালে কুমারখালি উপজেলার নন্দলালপুর ইউনিয়নের আলাউদ্দিন নগর বাজার এলাকা এবং ভেড়ামারা হাইস্কুলের গলি থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, গতকাল মঙ্গলবার রাতে কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের কুমারখালীর আলাউদ্দিন নগর বাজারের মোক্তার হোসেনের মার্কেট এলাকায় আসেন বৃদ্ধ।
বাজারের নৈশপ্রহরীরা রাতে তাঁকে মার্কেট এলাকায় বসে থাকতে দেখেন। পরে আজ ভোরে মারা যান তিনি। খবর পেয়ে পুলিশ মরদেহটি উদ্ধার করে। মৃত ওই বৃদ্ধের আনুমানিক বয়স ৬৫ বছর। তাঁর পরনে ছিল কালো রঙের প্যান্ট।

সুরতহাল শেষে ময়নাতদন্তের জন্য মরদেহটি কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এ বিষয়ে নৈশপ্রহরী ইমরান হোসেন বলেন, ‘গতকাল রাতে মোক্তার হোসেন মার্কেটের সামনে আসেন ওই বৃদ্ধ। তাঁর কাছে ঠিকানা জানতে চেয়েছিলাম। কিন্তু তিনি কোনো নাম-ঠিকানা বলতে পারেননি। পরে তাঁকে একটি বোতল থেকে পানি খেতে দেখি। এরপর আজ ভোরে মারা যান ওই বৃদ্ধ।’

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার বলেন, খবর পেয়ে মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর আসল কারণ জানা যাবে। তবে, ধারণা করা হচ্ছে তিনি মানসিক ভারসাম্যহীন ছিলেন।

এদিকে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মুজিবুর রহমান জানান, নিখোঁজের দুইদিন পর কুষ্টিয়ার ভেড়ামারা থেকে রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার লোকমান হোসেনের বস্তাবন্দী লাশ

উদ্ধার করা হয়েছে। লোকমান হোসেন চৌড়হাস এলাকার বাসিন্দা। তিনি রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার ছিলেন। ১ আগষ্ট ভেড়ামারা থেকে নিখোঁজ হলে ভেড়ামারা থানায় জিডি করেন তার স্ত্রী। এরপর আজ বুধবার তার মরদেহ উদ্ধার করে পুলিশ।

গাংনীতে আগষ্ট মাস উপলক্ষে শোক দিবসের প্রস্তুতি সভা

৫ ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী, ৮ ই আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন্ নেছা মুজিব এর ৯২ তম জন্মবার্ষিকী ও স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসন আয়োজনে আজ বুধবার (৩ আগষ্ট) সকাল ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন সাবেক এমপি মকবুল হোসেন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, আওয়ামীলগি নেতা শহিদুল ইসলাম শাহ, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, বিশিষ্ট সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু।

এছাড়া সরকারী দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠণের নেতৃবৃন্দ, শিক্ষক, সাংবাদিক ও বিভিন্ন শ্রেনী পেশার

মেহেরপুরে ১ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার

মারামারি মামলায় ১ বছরের সাজাপ্রাপ্ত আসামী জসিম উদ্দীন (৪২)কে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ। জসিম উদ্দীন মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের মফিজুল ইসলামের ছেলে।

মঙ্গলবার (২ আগষ্ট) দিবাগত মধ্যরাতে পুলিশ জসিমের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। মারামারির অভিযোগে জিআর ৪৭/১৬ নং মামলায় জসিম উদ্দীনকে এক বছর কারাদন্ড প্রদান করেন। এসময় জসিম পলাতক ছিলেন।

মেহেরপুর সদর থানার এএসআই শাকিলের নেতৃত্বে পুলিশের একটি ইউনিট গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়িতে অভিযান চালিয়ে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত জসিমকে আজ বুধবার (৩ আগষ্ট) সকাল ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১১ আসামী গ্রেফতার

মেহেরপুর জেলা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ও নিয়মিত মামলায় ১১ জন আসামী গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত

জিআর মামলায় ১ ও সিআর মামলায় ৪ আসামী, সদর থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত জিআর মামলায় ১, সাধারণ জিআর মামলায় ১, সিআর মামলায় ২ আসামী ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ জন নিয়মিত মামলায় ১ জন এবং জেলা গোয়েন্দা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামীসহ ১১ জন আসামী গ্রেফতার হয়েছে।

সংশ্লিষ্ট দপ্তর থেকে এসব তথ্য নিশ্চিত করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (২ আগষ্ট) সকাল থেকে আজ বুধবার (৩ আগষ্ট) ভোররাত পর্ন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক ইউনিট অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, সদর থানার ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক ইউনিট এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতকারকৃতদের আজ বুধবার (৩ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে বাসের নিচে মাথা দিয়ে এক নারীর আত্মহত্যা

মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ডে চলন্ত বাসের নিচে মাথা দিয়ে অজ্ঞাত এক নারী (৫০) আত্মহত্যা করেছেন।

আজ বুধবার (৩ আগস্ট ) সকাল সাড়ে ৯ টার দিকে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল থেকেই অজ্ঞাত ওই নারী পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় ঘোরাফিরা করছিলেন। সে চলন্ত বাস, ট্রাকের নিচে মাথা দেওয়ার চেষ্টা করছিলেন। স্থানীয়রা তাকে বার বার বাঁধা দিলেও সুযোগ বুঝে একটি চলন্ত বাসের নিচে মাথা পেতে দেই। বাসের চাকায় স্পৃষ্ট হয়ে যায় তার মাথা ও মুখমণ্ডল।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন

আহম্মেদ সত্যতা স্বীকার করে বলেন নিহতের পরিচয় মেলেনি। তার মাথা ও মুখমণ্ডল স্পৃষ্ট হয়ে গেছে। নিহতের মরদেহ উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসাপাতাল মর্গে পাঠানো হয়েছে।

গাংনীর বাঁশবাড়িয়াতে স্বামী স্ত্রীর বিষপান

পারিবরিক কলহের জের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া গ্রামে স্বামী আশিক
(২২) ও তার স্ত্রী সুমাইয়া খাতুন (১৮) বিষপান করে আত্মহত্যা করার চেষ্টা চালিয়েছে। আশিক বাঁশবাড়িয়া গ্রামের আসাদুল ইসলামের ছেলে।

মঙ্গলবার সন্ধ্যায় তারা নিজ ঘরে এক সাথে বিষপান করেন। পরিবারের লোকজন তাদের মূমুর্ষ অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন।

গাংনী হাসপাতালে জরুরি বিভাগে কর্মরত উপসহকারী মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ বলেন তাদের দুজনেই এখন আশংকামুক্ত।

গাংনীর বেতবাড়িয়াতে স্বামী ও শাশুড়ি পিটুনিতে গৃহবধু আহত

রান্না করতে দেরি হওয়ায় পারভীনা খাতুন (২২) নামের এক গৃহবধুকে পিটিয়ে হাসপাতালে পাঠিয়েছে স্বামী ও শাশুড়ি। পারভীনা খাতুন গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের আক্তারুলের স্ত্রী।

মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হন। পারভীনা জানান, গত শুক্রবার আমার রান্না করতে দেরী হওয়ায় আমার স্বামী আক্তারুল ও শাশুড়ি ফেরদৌসি খাতুন মারধর করে ফেলে রাখে।

আমাকে চিকিৎসকের কাছেও আসতে দেইনি। আজ আমি বাবার বাড়িতে এসে হাসপাতালে ভর্তি হয়েছি।

দর্শনায় সাংবাদিক হনিফ মন্ডলের মায়ের ইন্তেকাল: দর্শনা প্রেসক্লাবের শোক

চুয়াডাঙ্গার দর্শনায় সাংবাদিক হানিফ মন্ডলের মা ছপুরা বেগম (৯০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাহি রাজেউন)।

বাধ্যকজনিত কারনে মঙ্গলবার সকাল ৮ টার দিকে দর্শনা পৌর এলাকার রামনগর গ্রামে নিজ বাসভবনে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তিনি ৫ পুত্র ও তিন কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে গোটা এলাকায় নেমে আসে শোকের ছায়া। স্বজনদের আহাজারিতে ভারি হয়ে ওঠে এলাকার বাতাস। ওই দিনই বাদ যোহর মেমনগর স্কুল মাঠে তার লাশের জানাজা শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়। তার জানাজায় অংশ নেয় বিভিন্ন রাজনৈতিক, সমাজ সেবক, সাংবাদিক সংগঠনের নেতৃবৃন্দ সহ প্রায় সহস্রাধীক মুরসল্লী।

এদিকে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন, চুয়াডাঙ্গা-২আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর, দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, জেলা বিএনপির সদস্য হাবিবুর রহমান বুলেট, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারণ সম্পাদক এসএম ওসমান, এবং সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, প্রেসক্লাবের সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক তারিক জামান, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, চঞ্চল মেহমুদ ও হানিফ মন্ডল এবং

সাংবাদিক সমিতির সাংগনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য প্রযুক্তি সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাহিত্য, সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সদস্য আহসান হাবীব মামুন ও ইকরামুল হক পিপুল, সদস্য সাবেক সেক্রটারী হারুন রাজু, সদস্য হাসমত আলী, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ আহমেদ রয়েল, আ. হান্নান, সুকমল চন্দ্র দাস বাঁধন, আবিদ হাসান রিফাত, ফরহাদ হোসেন প্রমুখ।

ভোলায় স্বেচ্ছাসেবক দলের নেতা নিহতের ঘটনায় মেহেরপুর জেলা বিএনপি’র বিক্ষোভ সমাবেশ

ভোলায় পুলিশে গুলিতে নিহত স্বেচ্চাসেবক দলের নেতা আব্দুর রহিম ও অর্ধশতাধিক নেতা কর্মী আহত হওয়ার প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির উদ্যেগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেলে বড় বাজার এলাকায় জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সহ সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহ সভাপতি আলমগীর খান ছাতু। এসময় বক্তব্য রাখেন, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহাবুব সানি।

জেলা যুবদলের অন্যতম সদস্য মনিরুল ইসলাম মনির সঞ্চালনায় সমাবেশে উপস্থিত ছিলেন,জেলা আইনজীবি সমিতির সাবেক সাধারণ সম্পাদক অ্যাড. নজরুল ইসলাম, বিএনপি নেতা মকলেছুর রহমান ছেপু, আব্দুল করিম (মেগা), জেলা যুবদলের সহ সাধারণ সম্পাদক শেখ হুজাইফা ডিক্লিয়ার, যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, যুবদল নেতা ইসমাইল, সদস্য খাইরুল, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, জেলা নবীন দলের সাধারণ সম্পাদক আনোয়ার শেখ সহ জেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

উল্লেখ্য,বিদ্যুতের লোডশেডিং ও জ্বালানি খাতে অব্যবস্থাপনার প্রতিবাদে ভোলায় বিক্ষোভ সমাবেশে বিএনপির সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসময় গুলিবিদ্ধ হয়ে আবদুর রহিম নামে এক স্বেচ্ছাসেবক দলের নেতা নিহত হন।

মুজিবনগরে অগ্রণী ব্যাংকের গ্রাহক সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগরে অগ্রণী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখার উদ্যোগে গ্রাহক সমাবেশ মতবিনিময় সভা ও বর্তমান শাখা ব্যবস্থাপকের বিদায় এবং নতুন শাখা ব্যবস্থাপকের বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

এই উপলক্ষে মঙ্গলবার বিকেলে অগ্রণী ব্যাংকের মুজিবনগর শাখায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয় বিদায়ী শাখা ব্যবস্থাপক আরিফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক লিমিটেড আঞ্চলিক কার্যালয়, চুয়াডাঙ্গার সহকারী মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান রোকন উদ্দীন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, অগ্রণী ব্যাংক লিমিটেড এর (এস পি ও) স্টাফ অফিসার এ এস এম এম কবীর, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,কেদারগঞ্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের (সাবেক) চেয়ারম্যান তৌফিকুল বারি বকুল, আর টি ট্রেডার্স এর স্বত্বাধিকারী রফিক ঘানি, ইট ভাটা মালিক মিজানুর রহমান ফজলু সহ অগ্রণী ব্যাংকে মুজিবনগর শাখার গ্রাহক ও শুভাকাঙ্ক্ষী বৃন্দ।

এ সময় বর্তমান শাখা ব্যবস্থাপক আরিফ হোসেন কে বিদায়ী সংবর্ধনা দেওয়া হয় এবং নতুন শাখা ব্যবস্থাপক হিসেবে সদ্য যোগদানকৃত ইফতেখারুল হক জোয়াদ্দারকে বরণ করে নেওয়া হয়।